গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুজানগর, পাবনা

**''২০ একর পর্যন্ত বদ্ধ জলাশয় বাংলা ১৪৩৩-১৪৩৫ পর্যন্ত পুনঃ ইজারা বিজ্ঞপ্তি"**

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা'র ১৫/০২/২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৩.২৬.১০১ নং স্মারক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭ এর ২৩ জুন, ২০০৯ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর "জাল যার জলা তার" এই নীতির আলোকে এ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন ২০ একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালগুলো ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারার নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা'র অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আবেদনপত্র ক্রয় করা যাবে। আবেদনপত্র সমূহ আবেদনদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। কোন জলমহাল ইজারা প্রদানের বিরুদ্ধে যদি উপর্যুক্ত কর্তৃপক্ষ/ আদালত স্থিতিবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। উল্লেখ্য যে, জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং শর্তাবলী এ কার্যালয়ের ওয়েবসাইটে, নোটিশ বোর্ডে এবং যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। প্রথম তারিখে প্রাপ্ত আবেদনসমূহের ভিত্তিতে যে সকল জলমহালের ইজারা/ বন্দোবস্তের সিদ্ধান্ত গৃহীত হবে পরবর্তী তারিখে সে সকল জলমহালের আবেদনপত্র/ ফরম বিক্রয় করা হবে না। তবে প্রথম তারিখে ইজারা/ বন্দোবস্ত না হওয়া জলমহালসমূহ পরবর্তীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী অনুরূপভাবে আবেদনপত্র গ্রহণসহ ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

**"আবেদনপত্র বিক্রি, দাখিল ও খোলার সময়সূচি"**

| বিজ্ঞপ্তি নং | আবেদনপত্র/ ফরম ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | আবেদনপত্র/ ফরম দাখিলের তারিখ ও সময় | আবেদনপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ২য় | ১ম- ১২/০৩/২০২৬, বিকাল ৩.৩০ টা | ১৫/০৩/২০২৬, সকাল ৯:০০-১২:০০ টা | ১৫/০৩/২০২৬, দুপুর ০২:০০ টা |
| | ২য়- ৩১/০৩/২০২৬, বিকাল ৫.০০ টা | ০১/০৪/২০২৬, সকাল ৯:০০- ০১:০০ টা | ০১/০৪/২০২৬, বেলা ৩:০০ টা |
| | ৩য়- ০৯/০৪/২০২৬, বিকাল ৫:০০ টা | ১২/০৪/২০২৬, সকাল ৯:০০- ০১:০০ টা | ১২/০৪/২০২৬, বেলা ৩:০০ টা |

**"ইজারাযোগ্য খাস পুকুর/ জলমহালের বিবরণ"**

| ক্র: নং | জলমহাল/পুকুরের নাম | মৌজা | খং নং | দাগ নং (আরএস) | আয়তন (একরে) | বাৎসরিক সম্ভাব্য সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বামুন্দি জোলা | বামুন্দী | ০১ | ৪১৬ | ৩.৩৩ | ৫২,৫০০/- |
| ০৬ | নাংলাখালী | বিরাহিমপুর | ০১ | ১৫৮৬ | ১৭.৮৬ | ৩৯,৯০০/- |

শর্তাবলী:

০১) আবেদন ফরম উপজেলা ভূমি অফিস, সুজানগর, পাবনা-তে পাওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র/ফরম বিক্রয় করা হবে না।

০২) উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর অনুকূলে ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন ফি হিসেবে প্রদান করে আবেদন ফরম ক্রয়/সংগ্রহ করতে হবে।

০৩) ইজারা বিজ্ঞপ্তিতে ১ বছরের ইজারা মূল্য উল্লেখ করা হয়েছে, ৩ বছরের জন্য ইজারা মূল্য উল্লিখিত ০১ বছরের ইজারা মূল্যের ০৩ (তিন) গুণ হবে।

০৪) ইজারা বিজ্ঞপ্তিতে ০১ বছরের বার্ষিক মূল্য উল্লেখ করা হয়েছে, যা ৩ বছরের জন্য উল্লেখিত মুল্যের ০৩ (তিন) গুন হবে।

০৫) নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, সুজানগর, পাবনার কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদনপত্র গ্রহণ করা হবে।

০৬) আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৭) সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী (১৮-৩৫ বছর পর্যন্ত) নিবন্ধিত সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৮) আবেদনপত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং উহার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি এর নিকট দাখিল করতে হবে।

০৯) আবেদনপত্রের নির্দিষ্ট কলামসমূহ যথাযথ ভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

১০) আবেদনপত্রে বা ফরমে টাকার অংকের ঘরে কোন প্রকার ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১১) বিশেষত আবেদনপত্র বা ফরমের টাকা অংকের ঘরে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

১২) আবেদনপত্রের সাথে প্রথম বছরের জন্য উদ্ধৃত মূল্যের ২০% জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।

১৩) আবেদনপত্রে উল্লেখিত মূল্যের সাথে ১৫% মূল্য সংযোজন ভ্যাট, ১০% আয়কর ইজারা গ্রহীতাকে পরিশোধ করতে হবে।

১৪) আবেদনপত্রের সাথে মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সত্যায়িত ছবিসংযোজন করতে হবে।

১৫) আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে কিনা তার প্রমাণ স্বরূপ জেলা/ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২ (দুই) বছরের অডিট রির্পোট দাখিল করতে হবে।

১৬) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিকে ০৩ (তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার পক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা রূপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৭) জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায়/ সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যাক্তি বা অনিবন্ধিত সংগঠন/ সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৮) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিতে যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী না হন তাহলেউক্ত সমিতি আবেদনের অযোগ্য হবেন।

১৯) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারার মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/ সমিতি জলমহাল ইজারার/ বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

২০) জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সংবলিত তথ্য প্রতি বছর উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, অবগতির জন্য পেশ করবেন।

২১) জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যাক্তি বা গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।

২২) কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/যুব মৎস্যজীবী সংগঠন সমিতি ২(দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

২৩) জলমহাল ইজারার মেয়াদ ১ লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে শেষ হবে।

২৪) বন্দোস্তকৃত বা ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২৫) কোন জলমহাল ইজারা/ বন্দোস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতাবস্থা/ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৬) প্রথম তারিখে সিদ্ধান্তবিহীন পরবর্তী তারিখে (ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের ধারাবাহিকতা অনুযায়ী) ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

২৭) জলমহালের কোন ক্ষতি সাধন করা যাবে না এবং ভূগর্ভস্থ কোন সম্পদের উপর লিজ গ্রহীতার অধিকার থাকবে না।

২৮) জমাকৃত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই এর ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৯) জলমহাল ইজারা/ বন্দোস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।

৩০) উল্লিখিত যে কোন শর্ত খেলাপী বা পালনে ব্যর্থ হলে ইজারা/ বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৩১) জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা "সর্বক্ষেত্রে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৩/০৩/২৫

(মীর রাশেদুজ্জামান রাশেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুজানগর, পাবনা
ফোন নং ০১৩৩২-৮৫৩৪১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সুজানগর, পাবনা

স্মারক নং -৩১.৪৩.৭৬৮৩.০০০.০৬.০০৩.২৫-২৭১ তারিখঃ- ০৩ মার্চ ২০২৬

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য

০১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
০৩) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪) জেলা প্রশাসক, পাবনা
০৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা
০৬) উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা
০৭) অফিসার ইন-চার্জ, সুজানগর থানা, সুজানগর, পাবনা
০৮) উপজেলা...............................................অফিসার, সুজানগর, পাবনা
০৯) সাব-রেজিস্ট্রার, সুজানগর, পাবনা
১০) সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, সুজানগর, পাবনা
১১) ব্যবস্থাপক............................................................, ব্যাংক, সুজানগর, পাবনা
১২) প্রশাসক/ চেয়ারম্যান.........................(সকল) ইউনিয়ন পরিষদ, সুজানগর, পাবনা। তাঁকে হাট/ বাজারসহ গুরুপ্তপূর্ণ স্থানে ব্যাপক প্রচার/ ঢোল শহরত করার জন্য অনুরোধ করা হলো
১৩) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা................................(সকল)। তাঁকে হাট/ বাজারসহ গুরুপ্তপূর্ন স্থানে ব্যাপক ঢোল শহরতের মাধ্যমে জলমহাল ইজারার বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য বলা হলো এবং প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিলের জন্য বলা হলো
১৪) বিজ্ঞাপন ম্যনেজার, ...................... পত্রিকার ভিতরের পাতায় ০১ দিনের জন্য বর্ণিত বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫) সভাপতি/ সম্পাদক..................................... মৎস্যজীবী সংগঠন/ সমিতি ও যুব মৎস্যজীবী সংগঠন, সুজানগর, পাবনা
১৬) জনাব ............................................................................ সুজানগর, পাবনা
১৭) অত্রাফিসের নোটিশ বোর্ড

০৩/০৩/২০২৬
(মেহেদী হাসন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সুজানগর, পাবনা